মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৩/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. কোভিড - ১৯ এর প্রাদুর্ভাবের কারণে মেহেরপুরের নারী ও শিশুদের সচেতন করণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৬/০২/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
কোভিড - ১৯ এর প্রাদুর্ভাবের কারণে মেহেরপুরের নারী ও শিশুদের সচেতন করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, অতি সম্প্রতি সারা বিশ্বে তথা বাংলাদেশে করোনা ভাইরাস দেখা দিয়েছে। এই ভাইরাসে ইতি মধ্যে অনেক মানুষ প্রাণ হারিয়েছেন। অনেক মানুষ চিকিৎসাধীন রয়েছেন। এই ভাইরাসটি একজনের থেকে আরেকজনের শরীরে অতি দ্রুত ছড়িয়ে পড়ে। হাঁচি, কাশি ও স্পর্শের মাধ্যমে এই ভাইরাস অতি দ্রুত ছড়িয়ে পড়ে। এর থেকে পরিত্রাণের জন্য সচেতনতার কোন বিকল্প নেই। তিনি মেহেরপুর পৌরসভার সকল নাগরিক তথা নারী ও শিশুদের এই ভাইরাস থেকে বাচতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্ঠি আকর্ষণ করেন। বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনান্তে এবং সকলের মতামতের ভিত্তিতে মেয়র মহোদয় বলেন, করোনা ভাইরাস বর্তমানে বিশ্বে মরামারী আকার	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	ধারণ করেছে। তিনি বলেন, যে কোন উপায়ে এই ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় নারী ও শিশুদের রক্ষা করতে হবে। এই জন্য তিনি বিভিন্ন ভাবে প্রচারনা, উঠান বৈঠকে প্রচার, মাইকিং, লিফলেট সহ ফেষ্টুন করে রাস্তায় টাঙানরো জন্য নির্দেশ দেন। তিনি সকলের নিকট এই ব্যাপারে সার্বিক সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাব নুরুল আশরাফ রাজীব, কাউন্সিলর ৭ নং ওয়ার্ড সভায় বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে করোনা ভাইরাস থেকে বাচতে হলে সচেতনতা তথা মানুষের স্পর্শ হতে দুরে থাকতে হবে এবং মুখে মাক্স ও হ্যান্ড গ্লাবর্স ব্যবহার করতে হবে সাথে সাবান পানি দিয়ে হাত ধোয় ও স্যানিটাইজার ব্যবহার করা জরুরী। এ ক্ষেত্রে পৌরসভা থেকে কোন সহায়তা করা হবে কিনা? মেয়র মহোদয় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ ও দরকারী। তিনি বলেন, পৌরসভার সামর্থ অনুযায়ী নারী ও শিশুদের মাঝে হ্যান্ড স্যানিটাইজার ও মাক্স বিতরণ করা হবে। পাশাপাশি মানুষের সচেতন করতে যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি যথাযথ নির্দেশনা প্রদান করেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৩/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	[signature]
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] ২৪/০৩/২০
৮	মোঃ আমিনুল ইসলাম	LCDALUG118-3	[signature]
৯			